আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর আয়োজনে রবিবার বিকালে আমঝুপি নীলকুঠি চত্বরে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

মাঠ দিবসে উফসী আউস ধানের নতুন জাতের ফলাফল ও ফলন বিষয়ে চাষীদের মধ্যে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা দিপক কুমার সাহা, উপজেলা কৃষি অফিসার নাসরিন পারভীন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা মমতাজ পারভিন ও তাহেরা ফেরদৌস।
অনুষ্ঠিত মাঠ দিবসে এলাকার শতাধিক চাষী উপস্থিত ছিলেন ।

দর্শনা আকন্দবাড়ীয়া বাউল পরিষদের সিনিয়র যাত্রা শিল্পীর ইন্তেকাল

জেলার একমাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন দর্শনা আকন্দবাড়ীয়ার বাউল পরিষদের শিল্পী যাত্রাভিনেতা আকাল উদ্দীন (৬০) গতকাল রবিবার দুপুরে নিজ গ্রাম ঈশ্বরচন্দ্রপুরে ইন্তেকাল করেছেন। মৃত্যু কালে স্ত্রী ও তিন পুত্র সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

১৯৯৯ সালে লোকজ সাংস্কৃতিক সংগঠন বাউল পরিষদ প্রতিষ্ঠা হওয়ার পর তিনি গ্রামীণ লোকজপালা নছিমন সুন্দরী, রুপ বানের পালা, অরুণ শান্তি, কাজল রেখা, কারবালার কান্না, গুনাই বিবি, সাগর ভাষা, আলোমতি প্রেমকুমার ও বেহুলার পালায় অভিনয় করেছেন।

তিনি এসব ছবিতে অন্যতম ডাইরেক্টর ছিলেন। তার মৃত্যুতে গভীর শোক ও পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন বাউল পরিষদের উপদেষ্টা ও দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, কাউন্সিলর মইন উদ্দিন মন্টু, সাবেক কাউন্সিলর জহিরুল ইসলাম, সংগঠনের ওস্তাদ আমির হোসেন, রহম আলী, ম্যানেজার কামাল হোসেন, সংগঠনের সভাপতি ও বাংলাদেশ

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিনি ঝিনাইদহ শহরের আদর্শ পাড়ার বাসিন্দা। মৃত্যু কালে তিনি দুই পুত্র সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুতে ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু শোক ও সমবেদনা জানিয়েছেন। আজ সকাল ৯ ঘটিকায় ঝিনাইদহ সিদ্দিকীয়া কামিল মাদ্রাসায় তার জানাযার নামাজ অনুষ্ঠিত হবে।

ঝিনাইদহে পেঁয়াজের বীজ কিনে প্রতারিত কৃষক, ভোক্তাধিকারের হস্তক্ষেপে ফেরত পেলেন ক্ষতিপূরনের টাকা

ঝিনাইদহের অগ্নিবীণা সড়কের হাসান বীজ ভান্ডারে পেঁয়াজের বীজ কিনে প্রতারিত হয়েছেন দুইজন কৃষক । ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরাবর অভিযোগ দায়েরে ফেরত পেয়েছেন ক্ষতিপূরনের টাকা।

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বগুড়া গ্রামের মোঃ জামিরুল ইসলাম এবং খোরশেদ আলম গত ৪ নভেম্বর ২০২০ তারিখে হাসান বীজ ভান্ডার থেকে কিং জাতের পেঁয়াজের বীজ ক্রয় করেন কিন্তু বীজ রোপণের পর প্র্রত্যাশিত মাত্রায় বীজ না গজানোর ফলে তাদের মনে সন্দেহ হয় । তখন তারা বীজের কৌটার লেবেল তুলে ফেললে দেখতে পান যে লেবেলের নিচে তাহেরপুরী জাতের অন্য একটি লেবেল লাগানো আছে।

পাশাপাশি কৌটার নিচে এবং লেবেলের গায়ে আলাদা মেয়াদ দেওয়া। পরবর্তীতে তারা অভিযুক্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে কোন প্রতিকার না পেয়ে জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের বরাবর একটি লিখিত অভিযোগ দায়ের করেন। এরই প্রেক্ষিতে গতকাল রবিবার হাসান বীজ ভান্ডারের স্বত্ত্বাধিকারী হাসান আহমেদ উপস্থিত হয়ে তার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেন।

অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য প্রমাণিত হওয়ায় ও

স্বেচ্ছায় দোষ স্বীকার করায় হাসান বীজ ভান্ডারকে দোষী সাব্যস্ত করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ লঙ্ঘনের অপরাধে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। জরিমানার টাকায় অভিযোগকারীর অংশ হিসেবে আরোপিত জরিমানার ২৫% হিসেবে ১২ হাজার ৫ শত টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়। পাশাপাশি অভিযুক্ত প্রতিষ্ঠান অভিযোগকারীদ্বয়কে বীজের সম্পূর্ণ মূল্য বাবদ ১ লাখ ১২ হাজার ৩ শত টাকা ক্ষতিপূরণ বাবদ প্রদান করেন।

এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ ভুক্তভোগী কৃষকদের হাতে ক্ষতিপূরণের টাকা তুলে দেন এবং পণ্য বা সেবা ক্রয়ের সময় প্রতারিত হলে প্রমাণসহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরাবর লিখিত অভিযোগ দায়ের করতে সকলকে পরামর্শ দেন।
প্রত্যাশিত প্রতিকার পেয়ে অভিযোগকারীরা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কার্যক্রমের প্রশংসা করেন।

গাংনীর রামনগরে যুবলীগের জিয়ার বল প্রদান

গাংনী উপজেলার ৪ নং বামন্দী ইউনিয়নের রামনগর গ্রামের ফুটবল খেলোয়াড়দের মাঝে বামন্দী ই্উনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ও ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক জিয়ারুল হক একটি ফুটবল প্রদান করেছে।

গতকাল শনিবার বিকালে রামনগর ফুটবল মাঠে বল প্রদানের সময় উপস্থিত ছিলেন, বামন্দী ইউনিয়নের রামনগর ওয়ার্ডেও ইউপি সদস্য মোঃ হাবিল, সাবেক ইউপি সদস্য মোঃ পান্না, ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলীম এছাড়াও আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ স্থানীয় নেতাকর্মীরা।

করোনার প্রভাবে অসহায় কালীগঞ্জের কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষকরা

দীর্ঘ আট মাসের অধিক সময় ধরে বন্ধ শিক্ষা প্রতিষ্ঠান। কবে নাগাদ খুলবে তারও নিশ্চয়তা নেই। এই পরিস্থিতিতে সবচেয়ে বিপাকে পড়েছেন বেসরকারি কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষক-কর্মচারীরা।

ঝিনাইদহের কালীগঞ্জে প্রায় ৩৮টি শিক্ষা প্রতিষ্ঠানের তিন শতাধিক শিক্ষক ও ৫০ জনের অধিক কর্মচারীরা কাটাচ্ছেন মানবেতর জীবনযাপন। অনেকেই জীবনের তাগিদে বেছে নিয়েছেন ভিন্ন পেশা।

কালীগঞ্জের গোল্ডেন সান রেসিডেনসিয়াল স্কুলের পরিচালক আবেদ আলী জানান, করোনা পরিস্থিতি শুরুর পর মার্চ ও এপ্রিল মাসের শিক্ষকদের বেতন স্কুল ফান্ড থেকে দিলেও পরবর্তিতে তা আর সম্ভব হয়নি। দীর্ঘ দিন স্কুল বন্ধ থাকলেও ভবন ভাড়া দেওয়া লাগছে প্রতি মাসেই, এতে করে গুনতে হচ্ছে বড় অংকের লোকশান।

এমন অবস্থায় সরকারি সাহায্য পেলে অন্ততপক্ষে শিক্ষকদের বেতন দেওয়া সম্ভব হবে। স্কুল খোলার পর সকল শিক্ষার্থী অভিভাবকদের আর্থিক দূরঅবস্থার কারণে স্কুলে ফিরে আসবে কিনা তা নিয়ে শঙ্কিত আছেন।

বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশনের কালীগঞ্জ শাখার সভাপতি ইকবাল হুসাইন বলেন, কালীগঞ্জের কিন্ডারগার্টেন স্কুল গুলার শিক্ষক দের দীর্ঘ দিন বেতন বন্ধ থাকায় তারা কষ্টে জীবনযাপন করছেন। বেশির ভাগ শিক্ষক উচ্চ শিক্ষিত, তারা সাহায্যের জন্য হাত পাততে পারছেন না কারও কাছে আবার মানসম্মানের জন্য অন্য কোনো ছোট কাজও করতে পারছেন না। সমিতির পক্ষ থেকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে সাহায্য চেয়ে নামের লিস্টসহ আবেদন পাঠালেও সেখান থেকে কোনো সাহায্য পাইনি।

কয়েকজন শিক্ষকের সাথে যোগাযোগ করলে তারা বলেন, করোনার কারণে স্কুলের সাথে সাথে বাসায় গিয়ে পড়ানোও সম্ভব হচ্ছে না, ফলে আর্থিক সংকটে পড়েছেন অনেকে। অনেকে শহর ছেড়ে গ্রামে চলে গেছেন, অনেকে দোকানে সেলস ম্যানের চাকরি করছেন, অনেকে চায়ের দোকান

দিয়েছেন। তারা সরকারি সহযোগিতার জন্য উপজেলা শিক্ষা অফিস বরাবর আবেদন করেছেন বলে জানান।

নির্যাতনের প্রতিশোধ নিতে স্বামীর বিরুদ্ধে স্ত্রীর ভিন্ন অভিযোগ

বড় ভাই মোমিনের উপর অভিমান করে মাঠে গিয়ে বিষ পান করে ছোট ভাই ওমর ফারুক । এ ঘটনা ভিন্ন দিকে ঘুরাতে এবং স্বামীকে শাসন করার জন্যই মা সাবিনা খাতুন স্বামীর বিরুদ্ধে অভিযোগ করেন ‘বাবা কর্তৃক ছেলের মুখে বিষ ঢেলে দেয়ার।

এ গল্প এলাকায় ছড়িয়ে পড়লে শুরু হয় নানা গুঞ্জন। স্বামী কর্তৃক নির্যাতনের কারণে এক রকম প্রতিশোধ নিতেই ছেলের মুখে বিষ ঢেলে দেয়ার বানোয়াট কথা প্রচার করা হয়েছে বলে অবশেষে স্বীকার করেন শিশু ওমর ফারুকের মা সাবিনা খাতুন। এখন নিজের ভুল স্বীকার করে অনুতপ্ত হচ্ছেন তিনি। ঘটনাটি ঘটেছে ২০ অক্টোবর মেহেরপুরের গাংনী উপজেলার শহড়াতলা গ্রামের ভিটাপাড়ায়।

বিষপান করে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরে শিশু ওমর ফারুক প্রকৃত ঘটনা জানান এলাকাবাসীর কাছে, তার বড় ভাই মোমিন একজন বুদ্ধি প্রতিবন্ধী। কারণে অকারণে মাঝে মধ্যেই মারধর করতো ওমর ফারুক কে।

ঘটনার দিন তাকে মারধর করে বড় ভাই। বড় ভাইয়ের ওপর ক্ষোভ করে বাড়ির পাশের একটি মাঠে পরিত্যাক্ত অবস্থায় পড়ে থাকা বিষের বোতলে পানি ঢেলে ঝাকিয়ে সেই পানি পান রে। এ সময় মা সাবিনা খাতুন বাড়ি ছিলেন না। পরে মা এসে বাবার নামে বিভিন্ন অভিযোগ করেন এবং আমার মুখে বিষ ঢেলে দিয়েছে বলে প্রচার করেন। আমার বিষপানের কথা শুনে আমাকে ঘরে আটকিয়ে রাখে আমার বাবা মজিবর রহমান। ঘন্টা খানেক পর আমার বড় বোন এসে আমাকে হাসপাতালে নিয়ে যায়। আমার বড় বোন না আসলে আমার মৃত্যু হয়ে যেত বলেও জানায় ওমর ফারুক।

তবে এলাকাবাসীরা জানায়, মজিবর রহমান স্ত্রী সাবিনার ওপর মানসিক ও শারীরিক নির্যাতন করে আসছে। তবুও নিজের মানসম্মান ঘুছিয়ে মজিবর রহমানের সংসার করছে সাবিনা খাতুন। প্রতিবেশিরা আরো জানায় সাবিনাকে রেখে তার স্বামী মজিবর একাধিক বিয়ে করেন। যার ফলে সাবনিার ওপর চলে অমানসিক নির্যাতন।

সাবিনা খাতুন জানান, আমার চার ছেলে-মেয়ের সংসার। আমার স্বামী মজিবর আমার ওপর কারণে অকারণে প্রায় নির্যাতন চালাতো। প্রায় নয় মাস আগে আমাকে সাবল দিয়ে মারধর করে মাথা ফাটিয়ে দেয় এবং আমার পেটে সাবল দিয়ে আঘাত করে। তারপরে সে আমাকে বাবার বাড়ি তাড়িয়ে দেয়। এ ছাড়াও অন্য পুরুষের সাথে সম্পর্ক আছে বলেও মিথ্যা অপবাদ দেয়। এ কারণেই স্বামীকে শাসন করার জন্যই ছেলের মুখে বিষ ঢেলে দেয়ার কথা বলেছি।

ওমর ফারুকের বাবা মজিবর রহমান জানান, স্ত্রী সাবিনা খাতুনের বিষয়ে আমার সন্দেহ হয়। এমন বিষয় নিয়ে পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতিতে অভিযোগ করা হয়। সেখানে নিজের দোষ স্বীকার করে স্বাভাবিকভাবে চলাফেরা করবে মর্মে স্বীকার করলে সাবিনাকে বাড়ি আনা হয়।

কিন্তু ছেলের বিষপানের কারণে স্ত্রী পুরাতন হিসেব করবে তা জানা ছিল না। তার হুমকির কারণে গাংনী থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়। তবে স্বামী-স্ত্রীর বিষয়ে শিশু সন্তানদের নিয়ে কাদা ছোড়াছুড়ি ভালো নয় বলে জানান এলাকাবাসী।

মহানবী (সাঃ)কে নিয়ে কটুক্তির অভিযোগে কোটচাঁদপুরে শিক্ষার্থী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে মহানবী (সাঃ) কে নিয়ে ফেসবুকে কটুক্তির অভিযোগে শ্রী আকাশ দাশ নামে কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজের এক শিক্ষার্থীকে আটক করেছে থানা পুলিশ।

রবিবার সকালে কলেজ ক্যাম্পাস থেকে পুলিশ তাকে আটক করে। এর আগে বিষয়টি সবার নজরে আসলে মুসলিম সম্প্রদায়ের সাধারণ শিক্ষার্থীদের তোপের মুখে পড়ে ওই শিক্ষার্থী।

পরে কলেজ কর্তৃপক্ষ ও শিক্ষার্থীরা তাকে পুলিশে সোপর্দ করে। আটক শিক্ষার্থী উপজেলার বলাবাড়িয়া দাশ পাড়ার শ্রী প্রতাপ কুমার দাশের ছেলে ও কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজের এইচ.এস.সি অটো পাশের শিক্ষার্থী ।

কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, আটক আকাশ কুমার দাশ বিগত ১৫দিন পূর্বে তার নিজের ফেসবুক আইডিতে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) ও ইসলাম ধর্ম কে নিয়ে কটুক্তি করে। এমনকি পবিত্র কোরআনে অনেক ভুল আছে বলে মন্তব্য করে। বিষয়টি নিয়ে আকাশের বন্ধুরা তাকে ফেসবুকে লেখা তার এইসব বাজে মন্তব্য মুছে ফেলতে বলে।

রবিবার সকালে আকাশ কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজে প্রবেশ পত্র নিতে আসে। এ সময় মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) ও ইসলাম ধর্ম নিয়ে কটুক্তির বিষয়ে মুসলিম সম্প্রদায়ের সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে আকাশের বাকবিতণ্ড হয়। শিক্ষার্থীদের তোপের মুখে পড়ে ওই শিক্ষার্থীকে কলেজের অধ্যক্ষ রুমে নিয়ে কলেজ কর্তৃপক্ষ পুলিশকে খবর দেয়।

পুলিশ ঘটনাস্থল থেকে তাকে আটক করে। তার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলার প্রস্তুতি চলছে।